



Embassy of the People's Republic
of Bangladesh
Athens



**বাংলাদেশ এবং গ্রিসের মধ্যে স্বাক্ষরিত সমঝোতা স্মারক অনুযায়ী গ্রিসে নতুন কর্মসংস্থান এবং
অনিয়মিত বাংলাদেশীদের নিয়মিতকরণ বিষয়ে বিশেষ বিজ্ঞপ্তি:**

বাংলাদেশ এবং গ্রিসের মধ্যে স্বাক্ষরিত জনশক্তি রপ্তানি এবং অনিয়মিত বাংলাদেশীদের নিয়মিতকরণ বিষয়ক সমঝোতা স্মারকটি গত ২২ জুলাই ২০২২ তারিখে গ্রীক পার্লামেন্ট কর্তৃক অনুমোদিত হয়ে আইন নম্বর ৪৯৫৯ হিসাবে প্রকাশিত হয়েছে। সমঝোতা স্মারকটি বাস্তবায়িত হলে গ্রীসে বাংলাদেশীদের স্বার্থ সংরক্ষিত হবে, মানসম্মত জীবন যাপন ও ন্যায্য বেতন ভাতাদি প্রাপ্যতা নিশ্চিত হবে এবং বাংলাদেশ হতে নতুন কর্মীরা নিরাপদে গ্রীসে এসে বৈধভাবে কাজ করতে পারবে, মানবপাচারকারী ও দালাল দৌরাছু বন্ধ হবে।

সম্প্রতি সমঝোতা স্মারকটির বাস্তবায়ন বিষয়ে উত্থাপিত বিভিন্ন জিজ্ঞাসার প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নিম্নলিখিত বিষয়গুলো জানানো যাচ্ছে:

১) এই চুক্তি অনুযায়ী গ্রিসে অনিয়মিতভাবে বসবাসরত ১৫ হাজারেরও বেশি বাংলাদেশীকে নিয়মিতকরণ করা হবে। নিয়মিতকরণের এই প্রক্রিয়াটি অত্যন্ত স্বচ্ছভাবে একটি অনলাইন প্ল্যাটফর্মে সংঘটিত হবে বিধায় এতে কোন এজেন্সির সহায়তার প্রয়োজন হবে না। এছাড়া প্রয়োজনে দূতাবাস হতেও অনলাইন প্ল্যাটফর্মে আবেদনের জন্য সহায়তা প্রদান করা হবে। একজন অনিয়মিতভাবে বসবাসরত বাংলাদেশী নাগরিককে এই প্রক্রিয়ায় আবেদন করার জন্য দূতাবাস/ DIP হতে গৃহীত পাসপোর্ট (অন্তত দুই বছরের মেয়াদ থাকতে হবে), ২০২২ সালের ৯ই ফেব্রুয়ারির আগে গ্রিসে বসবাসের কোন প্রামাণ্য দলিল এবং একজন সম্ভাব্য চাকরিদাতার নিকট হতে নিয়মিতকরণের পর চাকরি দেয়া হবে মর্মে একটি নিশ্চয়তা পত্র থাকতে হবে। এই তিনটি প্রমাণক দলিল অনলাইন প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশনের সময় দাখিল করতে হবে। যেহেতু আইনটিতে নিয়মিতকরণের জন্য কোন নির্দিষ্ট খাতের উল্লেখ নেই তাই যেকোনো খাতেই চাকরির নিশ্চয়তাপত্র গ্রহণযোগ্য হবে বলে প্রতীয়মান হয়।

২) অনলাইন প্ল্যাটফর্মে আবেদন গ্রহণের তারিখ, আবেদনের প্রক্রিয়া এবং ফি'র পরিমাণ অচিরেই গ্রীক কর্তৃপক্ষ কর্তৃক জানানো হবে। এছাড়া, এই আইন অনুযায়ী অনিয়মিতদের বৈধতা দেয়ার লক্ষ্যে ৫ বছর মেয়াদি অস্থায়ী রেসিডেন্স পারমিটের ধরন এবং এ সংক্রান্ত বিস্তারিত বিষয়াবলী গ্রিক অভিবাসন ও আশ্রয়ন বিষয়ক মন্ত্রণালয়ের সাথে আলোচনাপূর্বক জানানো হবে।

৩) যেহেতু আইনটি কার্যকর হওয়ার ৬ মাসের মধ্যেই অনিয়মিতদের অনলাইন প্ল্যাটফর্মে আবেদন সম্পন্ন করতে হবে (সময়সীমা বৃদ্ধির সুযোগ ও সম্ভাবনা রয়েছে যদিও), তাই সংশ্লিষ্ট সকলকে দূতাবাস হতে যথাসম্ভব দ্রুত পাসপোর্ট সংগ্রহ (যাদের পাসপোর্ট নেই বা মেয়াদ দুই বছরের কম), ০৯ ফেব্রুয়ারি ২০২২ এর পূর্বে গ্রিসে অবস্থানের প্রমাণক দলিল এবং একজন সম্ভাব্য চাকরিদাতার কাছ থেকে চাকরির নিশ্চয়তা পত্র সংগ্রহের অনুরোধ জানানো যাচ্ছে। প্রবাসীদের সুবিধার্থে চাকরির নিশ্চয়তা পত্রের একটি ফরম্যাট গ্রিক কর্তৃপক্ষের সঙ্গে আলোচনাপূর্বক যথাসময়ে প্রকাশ করা হবে।

৪) এই প্রক্রিয়ায় নিয়মিতকরণের সাথে ২০১৪ সালের অভিবাসন ও আশ্রয়ন আইনের আওতায় ৭ বছরের বৈধতা দানের প্রক্রিয়ার কোন সম্পর্ক নেই। যারা ২০১৪ সালের অভিবাসন ও আশ্রয়ন আইনের আওতায় গ্রিসে ৭ বছরের বেশি বসবাসের ফলে বৈধতা লাভের উপযুক্ত তারা সেই অনুযায়ী আবেদন করবেন। ২০১৪ সালের আইনটি যতদিন কার্যকর থাকবে ততদিন বাংলাদেশীরাও এই সুযোগ পাবেন।

৫) এছাড়া, এই সমঝোতা স্মারকের কল্যাণে প্রতিবছর ৪০০০ বাংলাদেশীর জন্য গ্রিসের কৃষিখাতসহ অন্যান্য খাতে কর্মসংস্থানের সুযোগ তৈরি হয়েছে। এর ফলে বাংলাদেশী শ্রমিকরা পাঁচ বছর মেয়াদি অস্থায়ী ভিসায় গ্রিসে আসবেন এবং প্রতি নয় মাস কাজের পর তিন মাসের জন্য ছুটিতে বাংলাদেশ যেতে পারবেন। এই ভিসা নবায়নযোগ্য। এই ভিসার আবেদন প্রক্রিয়া এবং প্রয়োজনীয় কাগজপত্র (পাসপোর্ট, কাজের চুক্তি পত্র, স্বাস্থ্য বীমা ইত্যাদি), ও ফি'র পরিমাণসহ পূর্নাঙ্গ নির্দেশনা পরবর্তীতে জানানো হবে। এই প্রক্রিয়ায় কৃষি শ্রমিক নিয়োগ সরকারী ব্যবস্থাপনায় হবে নাকি বেসরকারি রিক্রটিং এজেন্সির মাধ্যমে হবে তা এখনো চূড়ান্ত না হওয়ায় আগ্রহি আবেদনকারীদের পূর্নাঙ্গ নির্দেশনা না আসা পর্যন্ত ধৈর্য সহকারে অপেক্ষা করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

এমতাবশ্যায়, সংশ্লিষ্ট সকলকে এই বিষয়ে বিভিন্ন ধরনের বিভ্রান্তিমূলক প্রচারণা এবং প্রতারক চক্রের প্ররোচনার বিষয়ে সতর্ক থাকার আহ্বান জানানো হচ্ছে।

119, Marathonodromon Street, 154 52 Palaio Psychiko, Athens, Greece

Tel.: +30 210 6720 250, Fax: +30 210 6754 513

mission.athens@mofa.gov.bd, www.bdembassy.gr

